

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

সাধারণ সেবা বিভাগ

প্রধান কার্যালয়ঃ ২০, দিলকুশা বা/এ, ঢাকা।

ক্যালেন্ডার ও ডায়েরি ২০১৮ মুদ্রণ কাজের জন্য দরপত্র আহ্বান

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর ২০১৮ ইংরেজি সালের ক্যালেন্ডার ও ডায়েরি মুদ্রণ, বাঁধাই ও সরবরাহের জন্য আগ্রহী প্রথম শ্রেণীর মুদ্রণকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের, যাদের ঢাকাতে নিজস্ব স্থাপনা ও ফোর কালার মেশিন রয়েছে, নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আইটেমসমূহ ও কাজের বিস্তারিত বিবরণ সম্বলিত সিডিউল (ক্যালেন্ডার ও ডায়েরির জন্য পৃথক পৃথক) প্রতিটি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নগদ মূল্যে (অফেরতযোগ্য) আগামী ২৭/০৯/২০১৭ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালে ব্যাংকের সাধারণ সেবা বিভাগ, ২০, দিলকুশা বা/এ (৭ম তলা), ঢাকা থেকে ক্রয় করা যাবে।

যে কোন সিডিউলড ব্যাংকের যে কোন শাখা থেকে অত্র ব্যাংকের অনুকূলে উদ্ধৃত মূল্যের ২.৫০% জামানত পে-অর্ডার আকারে সংযুক্ত করে নিজস্ব প্যাডে ফরওয়ার্ডিং লেটারসহ সরবরাহকৃত সিডিউলে সরকারি ট্যাক্স, ভ্যাট ইত্যাদিসহ দর নির্ধারণ পূর্বক আগামী ২৮/০৯/২০১৭ ইং তারিখে বেলা ২ টার মধ্যে ব্যাংকের সাধারণ সেবা বিভাগ, ২০ অথবা ৪০ অথবা ৬৩ দিলকুশা বা/এ, ঢাকা-তে রক্ষিত বাক্সে ফেলতে হবে যা একই দিন বেলা ৩ টা ১০ মিনিটে উপস্থিত দরপত্রদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

উল্লেখ্য যে, ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল কিংবা প্রয়োজনে একাধিক প্রতিষ্ঠানের মাধ্যমে কাজ সম্পন্ন করার অধিকার সংরক্ষণ করেন। ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত পরিদর্শন টিম প্রিন্টিং প্রেসসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের পরে যে সকল প্রেসের পরিদর্শন রিপোর্ট ও পাস্ট পারফরম্যান্স রেকর্ড ব্যাংক কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বলে প্রতীয়মান হবে, কার্যাদেশ প্রদানের ক্ষেত্রে সে সকল প্রতিষ্ঠানকে বিবেচনা করা হবে। ইতোপূর্বে যে সকল প্রতিষ্ঠান অত্র ব্যাংকের কার্যাদেশ পরিপালনে ব্যর্থ হয়েছে, কোন ক্রমেই সে সকল প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে না।

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট